

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 18-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

VivaTech Summit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ফ্রান্স সফরের শেষ পর্বে গত রাতে প্যারিসে পৌঁছেছেন। ফ্রান্সের রাজধানীতে ভারতীয় সম্প্রদায়ের সদস্যরা তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। প্যারিসে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে ভিভাটেক ২০২৬-এ যোগ দেবেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। ভিভাটেক সামিট হলো ইউরোপের বৃহত্তম প্রযুক্তি ও স্টার্টআপ ইভেন্ট, যেখানে শ্রী মোদী ভারতের ক্রমবর্ধমান উদ্ভাবনী ইকোসিস্টেম এবং প্রযুক্তিগত অগ্রগতির ওপর আলোকপাত করবেন বলে আশা করা হচ্ছে।

G-7 Summit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জোর দিয়ে বলেছেন, বিশ্ব অর্থনীতির জন্য হরমুজ প্রণালী খোলা রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এভিয়ানে জি-সেভেন সম্মেলনের ফাঁকে গতকাল মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে প্রধানমন্ত্রী মোদী নৌচলাচলের স্বাধীনতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সামুদ্রিক বাণিজ্যের জন্য বিশ্বের বিভিন্ন অঞ্চলে লক্ষ লক্ষ ভারতীয় নাবিক তাঁদের পরিষেবা প্রদান করছেন। এর আগে, এভিয়ানে অনুষ্ঠিত বৈঠকের ফাঁকে প্রধানমন্ত্রী শ্রী মোদী এবং জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মের্জ পশ্চিম এশিয়ার পরিস্থিতি এবং রাশিয়া-ইউক্রেন সংঘাতসহ আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলি নিয়ে মতবিনিময় করেন।

Courtesy Meet :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগপুর সঙ্গে গতকাল লোক ভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি প্রিন্সি রাণী। তিনি রাজ্যপালকে ত্রিপুরার সীমান্ত সুরক্ষা বিষয়ে বিস্তারিত অবহিত করেন।

Tripura Business Conclave :

আগামী ৯ ও ১০ জুলাই রাজ্যে দুদিনের ডেস্টিনেশন ত্রিপুরা বিজনেস কনক্লেভ ২০২৬ অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে সচিবালয়ে মুখ্যসচিব জে কে সিনহা পৌরহিত্যে গতকাল প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন দপ্তরের প্রস্তুতি ও অন্যান্য বিষয়ে আলোচনা হয়। বৈঠকে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে কনক্লেভের প্রস্তুতি সহ বিভিন্ন বিষয়ে তুলে ধরেন।

Bachar Bachao Exam :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা শুরু হবে আগামী ৬ই জুলাই। ২৬টি কেন্দ্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা শেষ হবে ১০ই জুলাই। উচ্চ মাধ্যমিকের বছর বাঁচাও পরীক্ষা শেষ হবে ১৪ই জুলাই। গতকাল মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী এখবর জানিয়েছেন।

Solid Waste Management Rules :

নতুন কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৬ সম্পর্কে সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের সচেতন করতে গতকাল আগরতলা পুর নিগমের ২০ নম্বর ওয়ার্ডে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ওয়ার্ডের কর্পোরেটর তথা সেন্ট্রাল জোনের চেয়ারম্যান রঞ্জা দত্ত। তিনি বলেন

বর্তমানে বিভিন্ন বাজার ও জনবহুল এলাকায় সব ধরনের বর্জ্য একই ডাস্টবিনে ফেলা হয়। কিন্তু নতুন নিয়ম অনুযায়ী বিভিন্ন ধরনের বর্জ্য আলাদা করে চারটি পৃথক ডাস্টবিনে সংরক্ষণ করতে হবে। এই সম্পর্কে ব্যবসায়ী, বাজার কমিটির সদস্য এবং সাধারণ নাগরিকদের অবহিত করা হয়।

Detain 1.68 crore :

রাজ্য পুলিশের স্পেশাল ব্রাঞ্চার সহযোগিতায় গতকাল রাতে আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দরে বিপুল পরিমাণ নগদ অর্থ উদ্ধার করেছে শুদ্ধ দফতর। পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব জানান, অভিযানে মহারাষ্ট্রের বাসিন্দা দুই যাত্রীর কাছ থেকে এক কোটি ৬৮ লক্ষ ২৭ হাজার টাকা উদ্ধার করা হয়েছে। মুম্বাই থেকে কলকাতা হয়ে আগরতলায় আসা দুই যাত্রীর লাগেজে বিপুল পরিমাণ নগদ অর্থ বহন করা হচ্ছে বলে তথ্য ছিল। এই তথ্যের ভিত্তিতে মহারাষ্ট্রের দুই যাত্রীর ট্রলি ব্যাগ তল্লাশিতে টাকাগুলি উদ্ধার করা হয়। এই ঘটনায় আয়কর ও শুদ্ধ দপ্তর তদন্ত করছে।

FIFA World Cup :

২০২৬ ফুটবল বিশ্বকাপে সর্বশেষ তিনটি ম্যাচে পর্তুগাল ও কঙ্গো প্রজাতন্ত্রের ম্যাচ ১-১ গোলে ড্র হয়েছে। অন্যদিকে, ইংল্যান্ড ৪-২ গোলে হারিয়েছে ক্রোয়েশিয়াকে। এছাড়া ঘানা ১-০ গোলে পরাজিত করেছে পানামাকে।

ভারতীয় সময় অনুযায়ী আজ সকাল সাড়ে সাতটায় উজবেকিস্তান বনাম কলম্বিয়ার ম্যাচ শুরু হয়েছে।

Football :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় গতকাল ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় পান্থুই স্পোর্টিং এসোসিয়েশন ৩-১ গোলে ইউনাইটেড বি এস টি-কে পরাজিত করে। পরে একই মাঠে জাম্পুইজলা ফুটবল ক্লাব ২-০ গোলে ইয়ুথ ক্লাবকে হারিয়ে দেয়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় উত্তর, ধলাই, গোমতী, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ ১৯ মিলিমিটার।
